অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/20/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লিভিংস্টন কাউন্টিতে বারিলা এর ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটির জন্য প্রায় 170 মিলিয়ন মার্কিন ডলারের দুই-ধাপের সম্প্রসারণ ঘোষণা করেছেন

বিশ্বখ্যাত পাস্তা প্রস্তুতকারী প্রতিষ্ঠানটি টাউন অব অ্যাভনে অবস্থিত তাদের দীর্ঘদিনের উৎপাদন কেন্দ্রে প্রকল্পের মেয়াদকালে 90টিরও বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতি দিয়েছে

NYS-এর এই বিনিয়োগ কৃষি ভিত্তিক ব্যবসাকে সহায়তা এবং উৎপাদনশিল্পের অগ্রগতিকে এগিয়ে নিতে সহায়ক প্রকল্পগুলোর মাধ্যমে কমিউনিটিগুলোকে সংস্কার করা ও অর্থনীতি সম্প্রসারণের জন্য আঞ্চলিকভাবে প্রণীত সমন্বিত কৌশলের পরিপূরক হিসেবে কাজ করবে

উৎপাদন কেন্দ্রের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ লিভিংস্টন কাউন্টির টাউন অব অ্যাভনে অবস্থিত খ্যাতনামা শুকনো পাস্তা প্রস্তুতকারী প্রতিষ্ঠান Barilla (বারিলা)-এর ম্যানুফ্যাকচারিং কেন্দ্রে একটি বড় দুই-ধাপের সম্প্রসারণ পরিকল্পনা ঘোষণা করেছেন। প্রকল্পের প্রথম পর্যায়ে কোম্পানিটি 145 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যার মধ্যে থাকবে তাদের উৎপাদন কার্যক্রম সম্প্রসারণের জন্য নতুন 52,000 বর্গফুটের একটি মূল ভবন নির্মাণ, যেখানে একটি নতুন উৎপাদন লাইন এবং তিনটি প্যাকেজিং লাইন অন্তর্ভুক্ত থাকবে। বর্ধিত উৎপাদনের সংরক্ষণ ও বিতরণের জন্য অতিরিক্ত একটি গুদামজাতকরণ কেন্দ্রও নির্মাণ করা হবে। অতিরিক্ত এই জায়গার কারণে ভবিষ্যতে দ্বিতীয় পর্যায়ের জন্য একটি দ্বিতীয় লাইন স্থাপন করা সম্ভব হবে, যা এই বাড়তি বিনিয়োগের যৌক্তিকতা প্রমাণ করে। সম্প্রসারণের উভয় পর্যায়ের কাজ সম্পন্ন হলে 90টিরও বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে বলে বারিলা আশা করছে। এটি 2006 সালে করা প্রাথমিক 75 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের ধারাবাহিকতা, যার পর 2007 সালে পরিকাঠামোটি চালু হয় এবং এর মাধ্যমে এ অঞ্চলে প্রায় 145টি কর্মসংস্থান সৃষ্টি ও বজায় রাখা সম্ভব হয়।

"বারিলার মতো অংশীদারদের সঙ্গে রূপান্তরমূলক প্রকল্পে আমাদের ধারাবাহিক বিনিয়োগের মাধ্যমে আমরা স্টেট জুড়ে গুরুত্বপূর্ণ শিল্পখাতগুলোর উন্নয়ন ঘটাচ্ছি এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আরো কর্মসংস্থান সৃষ্টি করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই ধারাবাহিক অংশীদারিত্ব অঞ্চলটির সমৃদ্ধ কৃষি সম্পদ ও উন্নত উৎপাদনশিল্পে বিনিয়োগকে আরো তুলে

ধরবে এবং কমিউনিটিগুলোকে সংস্কার করার পাশাপাশি স্টেট জুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি সৃষ্টি অব্যাহত রাখতে আমার প্রশাসনের প্রচেষ্টাকে আরো শক্তিশালী করবে।"

বিশ্বের শীর্ষস্থানীয় পাস্তা প্রস্তুতকারী প্রতিষ্ঠান বারিলা 100টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং 10টি দেশে তাদের 30টি উৎপাদন কেন্দ্র রয়েছে, যেখানে বিভিন্ন ধরনের পাস্তা, সস ও বেকারি পণ্য উৎপাদন করা হয়। প্রায় 150 বছর আগে ইতালির Parma (পারমা)-তে বারিলা প্রতিষ্ঠিত হয় এবং 2007 সাল থেকে প্রতিষ্ঠানটি টাউন অব অ্যাভনের এই স্থানে কার্যক্রম পরিচালনা করে আসছে। মার্কিন যুক্তরাষ্ট্রে বিক্রি হওয়া কোম্পানিটির কিছু পণ্য লিভিংস্টন কাউন্টির এই সাইটে এবং Iowa (আইওয়া)-এর একটি উৎপাদন কেন্দ্রে উৎপাদিত হয়। কোম্পানিটি বিশ্বজুড়ে প্রায় 9,000 কর্মী নিয়োগ করেছে।

বারিলা আমেরিকাসের সাপ্লাই চেইন ভাইস প্রেসিডেন্ট Fabio Pettenari (ফাবিও পেত্তেনারি) বলেন, "এই সম্প্রসারণ মার্কিন যুক্তরাষ্ট্রে আমাদের ধারাবাহিক প্রবৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং টাউন অব অ্যাভনের প্রতি আমাদের অঙ্গীকারকে আরো দৃঢ়ভাবে তুলে ধরে। আমাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আমরা শুধু আমাদের ব্যবসাতেই নয়, বরং যে কমিউনিটিতে আমরা বহু বছর ধরে গর্বের সঙ্গে কার্যক্রম পরিচালনা করে আসছি, সেই কমিউনিটির ভবিষ্যতেও বিনিয়োগ করছি। এই সম্প্রসারণ আমাদের উত্তর আমেরিকার সাপ্লাই চেইনকে আরো শক্তিশালী করতে সহায়তা করবে এবং প্রতিবছর প্রায় 3,000 টন CO2 নির্গমন হ্রাস করতে সক্ষম করবে।"

বারিলা আমেরিকাসের প্রেসিডেন্ট Melissa Tendick (মেলিসা টেনডিক) বলেন, "আমাদের ইতালীয় ঐতিহ্যের ভিত্তির ওপর দাঁড়িয়ে আমরা মার্কিন যুক্তরাষ্ট্রের গ্রাহকদের চাহিদা পূরণে ধারাবাহিকভাবে উদ্ভাবন ও উন্নয়ন অব্যাহত রাখছি। এই সম্প্রসারণ ক্রমবর্ধমান চাহিদা পূরণে আমাদের সক্ষমতাকে আরো জোরদার করবে, পাশাপাশি ভোক্তারা যে উচ্চমানের পাস্তার ওপর আস্থা রাখেন ও পরিচিত, তা সরবরাহের মূল লক্ষ্যেও আমাদের মনোযোগ অটুট রাখবে।"

কোম্পানিটির কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট পারফরম্যান্সভিত্তিক এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের মাধ্যমে প্রকল্পটিকে সর্বোচ্চ 2.75 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা দিচ্ছে। নিউ ইয়র্ক পাওয়ার অথরিটিও সহায়তা প্রদানের বিষয়টি বিবেচনা করছে। ন্যাশনাল গ্রিড, রচেস্টার গ্যাস অ্যান্ড ইলেকট্রিক, লিভিংস্টন কাউন্টি এবং গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজও সম্প্রসারণ প্রকল্পে সহায়তা করছে। কোম্পানিটি 2028 সালের মার্চ মাসের মধ্যে প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ সম্পন্ন করার আশা করছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে ESD-এর কৌশলগত বিনিয়োগ গুরুত্বপূর্ণ শিল্পখাতগুলোকে আরো শক্তিশালী করছে এবং এসব ব্যবসাকে উৎসাহিত ও সহায়তা দিতে প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তুলতে কমিউনিটিগুলোকে সহায়তা করছে। বারিলা পাস্তার লিভিংস্টন কাউন্টিতে তাদের কার্যক্রম উল্লেখযোগ্যভাবে সম্প্রসারণের সিদ্ধান্ত এই সরকারি-বেসরকারি অংশীদারিত্বগুলোর গুরুত্বকে আরো

জোরালোভাবে তুলে ধরে, যা ফিঙ্গার লেকস অঞ্চল এবং স্টেট জুড়ে উচ্চমানের কর্মসংস্থান সৃষ্টি ও নতুন অর্থনৈতিক প্রবৃদ্ধি তৈরি করছে।"

অ্যাভন টাউন সুপারভাইজার এবং লিভিংস্টন কাউন্টি বোর্ড অব সুপারভাইজার্সের চেয়ারম্যান David L. LeFeber (ডেভিড এল. লেফেবার) বলেন, "প্রায় দুই দশক আগে অ্যাভনে কার্যক্রম শুরু করার পর থেকেই বারিলা লিভিংস্টন কাউন্টির অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি চালিকাশক্তি হিসেবে কাজ করে আসছে। এই সম্প্রসারণে অর্থায়নের জন্য স্টেটের সহায়তায় আমরা কৃতজ্ঞ, যা বারিলার ধারাবাহিক সাফল্যকে আরো এগিয়ে নেবে এবং আগামী বহু বছর ধরে আমাদের বাসিন্দাদের জন্য উচ্চমানের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে।"

অ্যাভানগ্রিডের ডেপুটি CEO Kim Harriman (কিম হ্যারিমান) বলেন,"অ্যাভানগ্রিডে আমরা সবচেয়ে গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে সংযোগকে শক্তিশালী করতে প্রতিশ্রুতিবদ্ধ। বারিলার এই সম্প্রসারণ নিউ ইয়র্ক স্টেট জুড়ে অর্থনৈতিক উন্নয়ন এগিয়ে নিতে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য জ্বালানির প্রাপ্যতা যে কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, তা তুলে ধরে। সৃজনশীল সমাধান ও শক্তিশালী সহযোগিতার মাধ্যমে এই প্রকল্প বাস্তবে রূপ নিয়েছে — যা কর্মসংস্থান সৃষ্টি করছে এবং স্থানীয় কমিউনিটিগুলোকে সমৃদ্ধ হতে সহায়তা করছে।"

ন্যাশনাল গ্রিডের আঞ্চলিক পরিচালক Ken Kujawa (কেন কুজাওয়া) বলেন, "লিভিংস্টন কাউন্টিতে বারিলার ধারাবাহিক বিনিয়োগ এমন দূরদর্শী প্রবৃদ্ধির প্রতিফলন, যা কমিউনিটিগুলোকে আরো শক্তিশালী করে এবং পুরো অঞ্চলজুড়ে দীর্ঘস্থায়ী অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করে। উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোকে সম্প্রসারণ, দক্ষতা বৃদ্ধি এবং নিউ ইয়র্কের শক্তিশালী উৎপাদনভিত্তিকে আরো সমৃদ্ধ করতে সহায়তা করে এমন প্রকল্পগুলোকে সমর্থন দিতে আমাদের অর্থনৈতিক উন্নয়ন অংশীদারদের সঙ্গে সহযোগিতা করতে পেরে ন্যাশনাল গ্রিড গর্বিত।"

লিভিংস্টন কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সির পরিচালক William Bacon (উইলিয়াম বেকন) বলেন,"লিভিংস্টন কাউন্টি বারিলার ধারাবাহিক প্রবৃদ্ধি এবং টাউন অফ অ্যাভনের প্রতি তাদের দৃঢ় অঙ্গীকারকে সমর্থন দিতে পেরে অত্যন্ত গর্বিত। এই বিশাল বিনিয়োগ শুধু কৃষিভিত্তিক ব্যবসা ও উন্নত উৎপাদনশিল্পে আমাদের নেতৃত্বের অবস্থানকে আরো শক্তিশালী করছে না, বরং এটি আমাদের স্থানীয় কর্মশক্তির জন্য প্রায় 100টি উচ্চমানের কর্মসংস্থানও সৃষ্টি করছে। 2007 সাল থেকে বারিলা একটি অসাধারণ কমিউনিটি অংশীদার হিসেবে কাজ করে আসছে এবং এই সম্প্রসারণ নিশ্চিত করবে যে আগামী কয়েক দশক ধরে আমাদের অঞ্চল বৈশ্বিক খাদ্য উৎপাদনের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে টিকে থাকবে।"

গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের প্রেসিডেন্ট এবং CEO Matt Hurlbutt (ম্যাট হার্লবাট) বলেন, "আমরা আনন্দিত যে বারিলা গ্রেটার রচেস্টার, নিউ ইয়র্কে সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে, যাতে উচ্চ ব্যয় ছাড়াই অঞ্চলটির অসাধারণ খাদ্য ও পানীয় উৎপাদন দক্ষতা, কর্মশক্তি এবং উত্তর-পূর্বাঞ্চলের প্রধান বাজারগুলোর নিকটবর্তী অবস্থানের সুবিধা অব্যাহতভাবে কাজে লাগানো যায়। গ্রেটার রচেস্টার, নিউ ইয়র্ক অঞ্চলে এই প্রতিযোগিতামূলক সম্প্রসারণের সুযোগ বাস্তবায়ন নিশ্চিত করতে গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজ স্টেট ও স্থানীয় অর্থনৈতিক উন্নয়ন

অংশীদারদের পাশাপাশি ইউটিলিটি ও রেল অংশীদারদের সঙ্গে সমন্বয় করে একটি সমন্বিত প্রণোদনা প্যাকেজ তৈরি করেছে। প্রায় 20 বছর আগে GRE-এর ব্যবসা আকর্ষণের প্রথম দিককার সাফল্যগুলোর একটি ছিল বারিলা। লিভিংস্টন কাউন্টিতে এই বিশ্বখ্যাত পাস্তা প্রস্তুতকারী প্রতিষ্ঠানের প্রবৃদ্ধিকে ধারাবাহিকভাবে সমর্থন দিতে পারা অত্যন্ত আনন্দের বিষয়।"

বারিলা গ্রুপ সম্পর্কে

বারিলা একটি পারিবারিক ব্যবসা প্রতিষ্ঠান, যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এবং Guido Barilla (গুইদো বারিলা), Luca Barilla (লুকা বারিলা) ও Paolo Barilla (পাওলো বারিলা) ভাইদের নেতৃত্বে পরিচালিত হচ্ছে। তাদের প্রপিতামহ Pietro Barilla (পিয়েত্রো বারিলা) 1877 সালে Parma (পারমা)-এ একটি বেকারি চালুর মাধ্যমে প্রতিষ্ঠানটির ভিত্তি স্থাপন করেন। বর্তমানে বারিলা তাদের খাদ্যপণ্যের মানের জন্য ইতালি এবং বিশ্বের বিভিন্ন স্থানে সুপরিচিত। Barilla (বারিলা), Mulino Bianco (মুলিনো বিয়াঙ্কো), Pan di Stelle (পান দি স্তেলে), Gran Cereale (গ্রান চেরিয়ালে), Harrys (হ্যারিস), Pavesi (পাভেসি), Wasa (ওয়াসা), Filiz (ফিলিজ), Yemina (ইয়েমিনা), Misko (মিসকো), Voiello (ভোইয়েল্লো), First (ফার্স্ট), Catelli (কাতেল্লি), Artisia (আর্টিসিয়া), Back to Nature (ব্যাক টু নেচার) এবং Pasta Evangelists (পাস্তা ইভানজেলিস্টস) ব্র্যান্ডগুলোর মাধ্যমে প্রতিষ্ঠানটি ভূমধ্যসাগরীয় খাদ্যাভ্যাস ও ইতালীয় জীবনধারা থেকে অনুপ্রাণিত সুস্বাদু, পুষ্টিকর ও স্বাস্থ্যসম্মত খাদ্যের পক্ষে সমর্থন জানায়। প্রায় 150 বছর আগে Pietro (পিয়েত্রো) যখন তার দোকান চালু করেছিলেন, তখন মূল লক্ষ্য ছিল ভালো মানের খাদ্য তৈরি করা। সেই নীতিই এখন বারিলার ব্যবসা পরিচালনার মূল ভিত্তিতে পরিণত হয়েছে, যেখানে প্রায় 9,000 কর্মী প্রতিষ্ঠানটির জন্য কাজ করছেন এবং একটি সাপ্লাই চেইন তাদের মূল্যবোধ ও মানসম্মত পণ্যের প্রতি অঙ্গীকারকে সমভাবে ধারণ করছে। উন্নতমানের ও যত্নসহকারে প্রস্তুতকৃত খাদ্য মানুষের জীবনে যে আনন্দ নিয়ে আসতে পারে, তা পৌঁছে দেওয়াই গ্রুপটির অঙ্গীকার এবং এ লক্ষ্য পূরণে প্রতিষ্ঠানটি যতদূর সম্ভব দায়িত্বশীল সাপ্লাই চেইন থেকে নির্বাচিত উপাদান ব্যবহার করে পণ্য উৎপাদন করে, যাতে বর্তমান ও ভবিষ্যৎকে আরো উন্নত করতে অবদান রাখা যায়। 1987 সাল থেকে একটি ঐতিহাসিক আর্কাইভ প্রতিষ্ঠানটির ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণ করে আসছে, যা বর্তমানে পোর্টাল মিউজিয়ামের মাধ্যমে সবার জন্য উন্মুক্ত একটি তথ্য ভাণ্ডারে পরিণত হয়েছে: www.archiviostoricobarilla.com. আরো তথ্যের জন্য ভিজিট করুন: www.barillagroup.com; X: @barillagroup; LinkedIn: বারিলা গ্রুপ; Instagram: @barillapeople

ফিঙ্গার লেকসে অর্থনৈতিক উন্নয়নের গতি বাড়ানো

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর অর্জন, যা এই এলাকার শক্তিশালী অর্থনৈতিক অগ্রগতি ও কমিউনিটির উন্নয়নের জন্য বৃহত্তর পরিকল্পনা। আঞ্চলিকভাবে নকশা করা পরিকল্পনাটির উদ্দেশ্য হলো ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিংয়ের মতো বড় ইন্ডাস্ট্রিতে বিনিয়োগ করা। আরও তথ্য এখানে উপলভ্য।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উন্নয়ন সংগঠন, এবং স্টেট জুড়ে ব্যবসায়িক অগ্রগতি, কর্মসংস্থান তৈরি ও বৃহত্তর অর্থনৈতিক সুযোগকে বৃদ্ধি করে। স্টেটের 10 টি এলাকায় অফিসের পাশাপাশি, ESD আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের পরিচালনা

করে, কানেক্টঅল (ConnectALL) অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড ইকুইটিকে সহায়তা করে এবং সৃজনশীল প্রতিভার উন্নয়নের মাধ্যমে ভবিষ্যতের কর্মী সংখ্যা বৃদ্ধি করছে। এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটে বিকাশ করতে ইচ্ছুক উদীয়মান এবং নেক্সট জেনারেশন ইন্ডাস্ট্রির সাথে কাজ করে যেমন ক্লিন এনার্জি এবং সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং, ছোট ব্যবসার বিকাশ ও সফলতায় সাহায্য করতে সহায়তা সেন্টারের একটি নেটওয়ার্ক পরিচালনা করে, এবং I LOVE NY-এর মাধ্যমে স্টেটের বিশ্বমানের পর্যটন গন্তব্যগুলির প্রচার করে। আরো তথ্যের জন্য, esd.ny.gov ভিজিট করুন, এবং LinkedIn, Facebook এবং X-এ ESD-এর সাথে সংযুক্ত হন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন